

অফিস
AP

সৃজনশীল বাংলাদেশ
জেলা শিল্পকলা একাডেমি
বাগেরহাট।

উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়, ফকিরহাট, বাগেরহাট।	
প্রশাসনিক কর্মকর্তা উপ প্রশাসনিক কর্মকর্তা সহকারী কমিশনার	জন্ম নামস্থান উপস্থাপন আগামী বছর সম্প্রদায়ের কপি দিন বিশেষে সরাসরি কপি দিন।
তারিখ : ২৭/০২/২৪	তারিখ : ২৭/০২/২৪
তারিখ : ২৭/০২/২৪	

স্মারক নং : ৪৩.২০.০১০০.১৯১.০০.০১.২৪.২৬

বিষয় : জেলা শিল্পকলা একাডেমি সম্মাননা-২০২৩ প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের শিল্প ও সংস্কৃতির ক্ষেত্রে সংগীত, নৃত্য, যন্ত্রসংগীত, চারুকলা, ফটোগ্রাফি, নাট্যকলা, চলচ্চিত্র, আবৃত্তি, যাত্রাশিল্প, সৃজনশীল আঞ্চলিক সাংস্কৃতিক সংগঠন/সৃজনশীল সংগঠক, সৃজনশীল সংস্কৃতি গবেষক এবং লোকসংস্কৃতিতে বিশেষ অবদানের স্বীকৃতি স্বরূপ সম্মাননা প্রদান করা হবে। শিল্পীদের তথ্য ফরম জেলা শিল্পকলা একাডেমি, দশানী বাগেরহাট কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে। আগামী ১৫ মার্চ ২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে জেলা শিল্পকলা একাডেমি, দশানী, বাগেরহাট কার্যালয়ে পূরণকৃত তথ্য ফরম জমা এবং ২ কপি রসিদ পাসপোর্ট সাইজের ছবি ও পৃথক একটি কাগজে আবেদনকারীর জীবন বৃত্তান্ত (১পৃষ্ঠা) লিখে জমা দিতে হবে। জেলা শিল্পকলা একাডেমি সম্মাননা সংক্রান্ত সকল প্রকার তথ্য এবং আবেদন ফরম একাডেমির ওয়েব সাইট (www.shilpakala.bagerhat.gov.bd) তে পাওয়া যাবে।

উল্লেখ্য মনোনীত প্রত্যেক গুণীজনকে নগদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা, একটি সম্মাননা স্মারক এবং সনদপত্র প্রদান করা হবে। আপনার উপজেলা/সংগঠনের গুণী ব্যক্তিদের তথ্য ফরম যাতে পাওয়া যায় সে ব্যাপারে আপনার সক্রিয় সহযোগিতা কামনা করছি।

২৭/০২/২৪
(মোঃ রফিকুল ইসলাম)
জেলা কালচারাল অফিসার
বাগেরহাট।
মোবাইল- ০১৭৭১৪৫৭৪৩২

১। উপজেলা নির্বাহী অফিসার
....., বাগেরহাট।

২। সভাপতি/সম্পাদক
....., বাগেরহাট।

স্মারক নং : ৪৩.২০.০১০০.১৯১.০০.০১.২৪.২৬

তারিখ : ২৭/০২/২০২৪ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, বাগেরহাট।